

ফাজিল কামিল ডিগ্রি ও মাস্টার্স সমমানের হচ্ছে: সিলেবাস চূড়ান্ত

পারফিউম ইসলাম

সাধারণ ডিগ্রি ও মাস্টার্স সমন্বয়ে উন্নীত করার জন্য মাদ্রাসা শিক্ষার ফাজিলকে তিন বছর ও কামিলকে দু'বছরমেয়াদি কোর্সের জন্য সিলেবাস চূড়ান্ত করা হয়েছে। আগামী ২৭ জুলাই এপিআরটি মন্ত্রী আবদুল মান্নান হুইয়ার সভাপতিত্বে অনুষ্ঠেয় বৈঠকে এ সিলেবাস চূড়ান্ত অনুমোদন দেয়া হবে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সাধারণ ডিগ্রি ও মাস্টার্স সমন্বয়ে উন্নীত করার জন্য মাদ্রাসা শিক্ষার ফাজিলকে তিন বছর ও কামিলকে দু'বছরমেয়াদি কোর্স প্রবর্তনের সুপারিশ গত ১৩ ফেব্রুয়ারি আওতাধীনকার্যের এক বৈঠকে সরকারী নীতিগতভাবে অনুমোদন করেছে। এই বৈঠকেও সভাপতিত্বে করেন এপিআরটি মন্ত্রী আবদুল মান্নান হুইয়া। বৈঠকটিতে সিদ্ধান্ত নেয়া হয়, ফাজিল ও কামিল কোর্সের পাঠক্রম ও পাঠ্যসূচি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি এবং মাস্টার্স কোর্সের পাঠ্যসূচির সামঞ্জস্য করতে হবে। এ জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আফতাব আহমদকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়। এ কমিটি সিলেবাস তৈরি করার জন্য দেশের সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে একটি কমিটি গঠন করে। কমিটির সদস্যরা ছিলেন ঢাকা আলিয়া মাদ্রাসার সাবেক অধ্যক্ষ প্রফেসর মুহাম্মদ মনসুর রহমান, প্রফেসর নূর মুহাম্মদ, তামিকুল মিদ্রাত মাদ্রাসার অধ্যক্ষ মুহাম্মদ যাইনুল আবেদীন, বাংলাদেশ জামিয়ারুল মোদারেরীনের সেক্রেটারি জেনারেল মাওলানা শাকীর আহমদ মোমতাজী, মাদ্রাসা দারুল উলুম দেহলীর অধ্যক্ষ

অধ্যক্ষ মাওলানা মোঃ ইউনুস, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ মানজুর ইসমাইল এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিন প্রফেসর শের নোহাম্মদ।

প্রস্তাবিত সিলেবাসে বলা হয়েছে, তিন বছরমেয়াদি ফাজিল আর্টস পাস কোর্সের নম্বর বণ্টন হবে- বাংলা (আবশ্যিক) ১০০ নম্বর, ইংরেজি (আবশ্যিক) ১০০ নম্বর, কমিউনিকেশন আর্টস (আবশ্যিক) ১০০ নম্বর, তিন পত্রবিশিষ্ট আর্টস (আবশ্যিক) ১০০ নম্বর।

ইসলামী দুটি বিষয় থাকবে যার মোট নম্বর হবে ৬০০ এবং সাধারণ ঐচ্ছিক বিষয়ের মোট নম্বর হবে ৫০০। সর্বমোট ১১০০ নম্বর। ব্যবহারিক সংশ্লিষ্ট প্রতিটি ১০০ নম্বরের বিষয়ের মধ্যে তদ্বীর্ণ হবে ৭৫ নম্বর এবং ব্যবহারিক হবে ২৫ নম্বর। সূত্র জানায়, সাধারণ ঐচ্ছিক বিষয়গুলো ফ্রপন্সিটিক হবে। যে কোন ফ্রপ একটি করে মোট দুটি বিষয় নিতে পারবে। এতই ফ্রপ থেকে একাধিক বিষয় শেখা যাবে না। ফ্রপগুলো হলো- ক. বাংলা (ঐচ্ছিক)/ইংরেজি (ঐচ্ছিক)/আর্টসি. ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, গ. মনোবিজ্ঞান/জুগল/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান/পার্সিয়া অর্থনীতি ঘ. অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/প্রকৃতিবিজ্ঞান এবং ঙ. গণিত/ পরিসংখ্যান/ দর্শন।

সুপারিশমাল্য বলা হয়, যেহেতু বর্তমানে ফাজিল অনার্স কোর্স চালু নেই, সেজন্য কমিটি অব কোর্সেস এড স্টাডিজ বিস্তারিত সিলেবাস তৈরি করবে। তবে সর্বমোট নম্বর জাতীয় বিশ্ববিদ্যালয়ে বিনাম্যান ২১০০ নম্বর হতে হবে।

প্রথম পর্ব এবং এক বছর কামিল মাস্টার্স শেষ পর্ব হবে। কামিল কোর্সের প্রতিটি পর্বের পরীক্ষার সর্বমোট নম্বর হবে ৫০০। কমিটি অব কোর্সেস এড স্টাডিজ এ কোর্সের বিস্তারিত সিলেবাস তৈরি করবে।

সুপারিশে আরও বলা হয়, আর্টসি ভাষা ছাড়াও ফাজিল ও কামিল কোর্সের শিক্ষা ও পরীক্ষার মাধ্যম হতে হবে বাংলা অথবা ইংরেজি। আর্টসি কথোপকথনের দুর্বলতা কাটিয়ে ওঠার জন্য ফাজিল কোর্সের সিলেবাসে বাধ্যতামূলকভাবে কমিউনিকেশন আচারবিক ল্যাঙ্গুয়েজ কোর্স অন্তর্ভুক্ত করা হবে।

জানা যায়, ফাজিল পাস ও ফাজিল অনার্স কোর্সে চারটি মূল শাখা অর্থাৎ কলা, সামাজিক, বিজ্ঞান ও বাণিজ্য শাখা থাকবে। ফাজিল কোর্স জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিকৃতি হলে বর্তমান মাদ্রাসা বোর্ডের অধীনে ফাজিল কোর্সে ছাত্রছাত্রী ভর্তি বন্ধ হয়ে যাবে। পুরনো শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী নিয়ম প্রযোজ্য হবে। একইভাবে কামিল কোর্সেও মাদ্রাসা বোর্ডের অধীনে ভর্তি বন্ধ হবে। মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে জাতীয় বিশ্ববিদ্যালয়কে মাদ্রাসা শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্টাফিং প্যাটার্নের সঙ্গে ফাজিল ও কামিল মাদ্রাসার স্টাফিং প্যাটার্নের সামঞ্জস্য বিধান করা হবে। এ কমিটি সুপারিশ করে, এ মুহূর্তেই মাদ্রাসা বোর্ড অধিকৃষ্ট ফাজিল ও কামিল মাদ্রাসাগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিকৃতি প্রদান করতে সিলেবাস, জনবল বা অবকাঠামোগত কোন